

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০
(সংস্থাপন বিভাগ, শৃঙ্খলা শাখা)
WWW.badc.gov.bd

রেজিঃ/এডি

নথি নং-১২.০৬.০০০০.২০৩.২৭.৩৭৯.১৭-৬০৬

তারিখ: ০১ ভাদ্র ১৪২৫
১৬ আগস্ট ২০১৮

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন, ফিল্ডম্যান ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর দপ্তরে সংযুক্ত। তিনি ফিল্ডম্যান ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক, বিএডিসি, নশিপুর পাটবীজ খামার, দিনাজপুর হিসেবে কর্মকালীন গত ২৭ জুন ২০১৭ তারিখে দিনাজপুর সদর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ১৬২ বস্তা গম (পরিমান অনির্দিষ্ট) জন্মসহ খামারের গুদামসমূহ সিলগালা করে দেয়া হয়। সংবাদটি বিভিন্ন পত্রিকাসহ ইলেকট্রনিক মিডিয়াতে বহুল প্রচারিত হওয়ার ফলে সংস্থার সুনাম মারাত্মকভাবে ক্ষুণ্ণ হয়। জন্মকৃত ১৬২ বস্তা গম বিএডিসি, নশিপুর পাটবীজ খামারের ২০১৬-১৭ উৎপাদন বর্ষের অবীজ গম এবং উক্ত গম গত ২১ জুন ২০১৭ তারিখে অবৈধভাবে পাচার/বিক্রির কর্মকাণ্ডে তাঁর জড়িত থাকার বিষয়টি সুস্পষ্টভাবে প্রতীয়মান হওয়ায় সংস্থাপন বিভাগের ০১ আগস্ট ২০১৭ তারিখের ৪৫৮ নং স্মারকে তাঁর বিরুদ্ধে বিভাগীয় অভিযোগনামা প্রণয়ন করা হয়; এবং

০২. যেহেতু, উপরোক্ত অভিযোগসমূহের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৩৯(ক)(খ)(চ) প্রবিধির উপর ভিত্তি করে ৪৩(১) প্রবিধি মোতাবেক কেন তাঁর বিরুদ্ধে শাস্তি/শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শাতে নির্দেশ দেয়া হয়; এবং

০৩. যেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন, ফিল্ডম্যান ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর দপ্তরে সংযুক্ত কর্তৃক বিভাগীয় অভিযোগনামার বিপরীতে দাখিলকৃত জবাবের উপর ভিত্তি করে সংস্থার চেয়ারম্যান মহোদয় ০২ অক্টোবর ২০১৭ তারিখ ব্যক্তিগত শুনানী গ্রহণ করেন; এবং

০৪. যেহেতু, বিএডিসি, কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪৩(২) প্রবিধি মোতাবেক একজন তদন্ত কর্মকর্তার মাধ্যমে অভিযোগসমূহ তদন্ত করা হয়; এবং

০৫. যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আমজাদ হোসেন, ফিল্ডম্যান ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর দপ্তরে সংযুক্ত এর বিরুদ্ধে নশিপুর ভিত্তি পাটবীজ খামার হতে পাচারকৃত ১৬২ বস্তা গম তাঁর নিয়ন্ত্রণাধীন গুদাম হতে পাচারের ঘটনা ঘটায় আনীত অভিযোগ প্রতিষ্ঠিত হয়; এবং

০৬. যেহেতু, উক্ত অপরাধের জন্য বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৪০(১)(খ) ধারা মোতাবেক কেন তাঁর উপর এক বা একাধিক গুরুদণ্ড আরোপ করা হবেনা তার কারণ দর্শানোর জন্য সংস্থাপন বিভাগের ০৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ৩১২৮ সংখ্যক স্মারকযোগে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ইস্যু করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেন; এবং

০৭. যেহেতু, অভিযুক্তের অভিযোগনামার জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব ও নথিপত্র পর্যালোচনাস্তে দেখা যায় গম পাচারের ঘটনায় জনাব মোঃ আমজাদ হোসেন, ফিল্ডম্যান ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর দপ্তরে সংযুক্ত প্রত্যক্ষভাবে জড়িত এবং তিনি গুরুতর শাস্তিযোগ্য অপরাধ করেছেন মর্মে প্রতীয়মান হয়।

০৮. সেহেতু, জনাব মোঃ আমজাদ হোসেন, ফিল্ডম্যান ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর দপ্তরে সংযুক্তকে বিএডিসি কর্মচারি চাকরি প্রবিধানমালা ১৯৯০ এর ৩৯ (ক)(খ)(চ) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করে একই প্রবিধানমালার প্রবিধি ৪০(১)(খ)(এ) ধারা মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত (ডিসমিসাল) দণ্ড প্রদান করে অভিযোগের নিষ্পত্তি করা হলো এবং সাময়িক বরখাস্তের সময়কাল ছুটি পাওনা সাপেক্ষে অর্জিত ছুটি হিসেবে বিবেচিত হবে।

০৯. আদিষ্ট হয়ে জারীকৃত এ আদেশ জারির তারিখ হতে অবিলম্বে কার্যকর হবে।

(তুলসী রঞ্জন সাহা)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

নথি নং-১২.০৬.০০০০.২০৩.২৭.৩৭৯.১৭-৬০৭ (২৭)

তারিখ: ০১ ভাদ্র ১৪২৫
১৬ আগস্ট ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাব্যবস্থাপক (পাটবীজ/সার ব্যবস্থাপনা/ক্রয়/বীজ/উদ্যান/এএসসি/অর্থ), বিএডিসি, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
৩. নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
৪. হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রকে) বিএডিসি, ঢাকা।
৬. যুগ্মপরিচালক (পাটবীজ), নশিপুর পাটবীজ খামার, দিনাজপুর।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর।
১০. সম্পাদক, কৃষি সমাচার, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।
১১. সহকারী হিসাব, নিয়ন্ত্রক (প্রভতঃ/নগদান/ব্যঃদাঃ), বিএডিসি, ঢাকা।
১২. জনাব মোঃ আমজাদ হোসেন, ফিল্ডম্যান ও ভারপ্রাপ্ত গুদাম রক্ষক (সাময়িক বরখাস্ত), আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, দিনাজপুর দপ্তরে সংযুক্ত।
১৩. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান)/সার ব্যবস্থাপনা/অর্থ/ক্ষুদ্রসেচ/ সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৪. ব্যক্তিগত নথি/অফিস কপি /মাষ্টার ফাইল।


২৬.০৮.২০১৮

(স্বপন কুমার দাস)

যুগ্মসচিব (সংস্থাপন)

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৫২০৬৭

e-mail:establishment@badc.gov.bd